

আবার পেছাল এসএসসি দিনে দুটি করে পরীক্ষা নেওয়ার চিন্তা

■ বিশেষ প্রতিনিধি

আবারও পেছাল চলমান এসএসসি ও সমমানের পরীক্ষা। আজ থেকে ২০ দলের ৭২ ঘণ্টার হরতালের কারণে আজকের (রোববার) পরীক্ষা পিছিয়ে ১৩ ফেব্রুয়ারি ওক্রবার নেওয়া হয়েছে। এ ছাড়া ১০ ফেব্রুয়ারি মঙ্গলবারের পরীক্ষা ১৪ ফেব্রুয়ারি শনিবার অনুষ্ঠিত হবে। গতকাল শনিবার চট্টগ্রাম ডাকবাংলোয় জরুরি সংবাদ সম্মেলনে পরীক্ষা পেছানোর এ ঘোষণা দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের জন্য গতকাল তিনি দিনভর চট্টগ্রামে ছিলেন। এদিকে, এসএসসি ও সমমানের পরীক্ষার সূচিতে বড় ধরনের রদবদল আসতে পারে বলে জানা গেছে। ছুটির দিনগুলোতে দিনে দুটি পরীক্ষা নেওয়ার

পৃষ্ঠা ১৫ : কলাম ৬

দিনে দুটি করে নেওয়ার চিন্তা

[প্রথম পৃষ্ঠার পর]

নীতিগত সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ জন্য শিক্ষা বোর্ডগুলোকে 'বিশেষ রুটিন' প্রণয়নের অনানুষ্ঠানিক নির্দেশ দেওয়া হয়েছে। দফায় দফায় হরতালের কারণে এরই মধ্যে চলমান এসএসসি ও সমমানের চার দিনের প্রায় ২০টি বিষয়ের পরীক্ষা পেছাতে হয়েছে। ২০ দলের লাগাতার অবরোধ ও মাঝেমধ্যে হরতালের এ প্রক্রিয়া চলতে থাকায় যথাসময়ে পরীক্ষা শেষ করা নিয়ে সন্দেহান শিক্ষা মন্ত্রণালয়। তাই প্রয়োজনে একদিনেই সকাল বিকাল দু'দফায় দুটি বিষয়ের পরীক্ষা নেওয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রণালয়। শিগগিরই এ বিষয়ে ঘোষণা দেওয়া হতে পারে। মন্ত্রণালয়ের শীর্ষ নীতিনির্ধারকদের সঙ্গে আলোচনা করে এ তথ্য জানা গেছে।

জানতে চাইলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, পরিবেশ-পরিষ্কারি বৃষ্টি সিদ্ধান্ত নেওয়া হবে। ১৫ লাখ পরীক্ষার্থীর পরীক্ষা তো মাসের পর মাস, কুলিয়ে রাখা যাবে না। সময়মতো পরীক্ষা শেষ করে, খাতা মূল্যায়ন করে ফল প্রকাশ করতে হবে। এই শিক্ষার্থীদের একাদশ শ্রেণীর পেশন শুরু হবে জুলাই মাসে। এ ছাড়া আগামী ১ এপ্রিল থেকে এইচএসসি পরীক্ষা শুরু হবে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, এর আগে পরীক্ষা বিএনপির অবরোধের মধ্যেই চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত হয়েছিল। শুধু হরতালের দিনগুলোর পরীক্ষা পিছিয়ে দেওয়ার পরিকল্পনা ছিল। তবে হরতাল কর্মসূচি বাড়িয়ে দেওয়ায় এখন তাদের বিকল্প ভাবতে হচ্ছে। পূর্বঘোষিত সময়সূচির সঙ্গে মিল রেখে ১৩ মার্চের মধ্যেই লিখিত পরীক্ষা শেষ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মন্ত্রণালয়ের মাধ্যমিক শাখার একজন যুগ্ম সচিব সমকালকে বলেন, 'আমরা জানি, একদিনে দুটি পরীক্ষা নিতে গেলে শিক্ষার্থীদের গুণের চাপ পড়বে। অভিজ্ঞতা বর্ধকরণও অনেক হয়তো আপত্তি করবেন। তবে বাস্তবতার নিরিখে এ ছাড়া কোনো বিকল্প নেই। অভিজ্ঞতা বর্ধকরণ অবশ্যই তা বুঝবেন। এই কর্মকর্তা জানান, তবে উচ্চতর গণিতসহ কয়েকটি বিষয়ের পরীক্ষার দিন একটি করেই পরীক্ষা নেওয়া হবে। অপেক্ষাকৃত সহজ বিষয়ের পরীক্ষা একদিনে দুটি নেওয়া হবে। মন্ত্রণালয়ের অন্য এক সূত্র জানায়, নির্ধারিত সময়ের মধ্যেই পরীক্ষা শেষ করার এ সিদ্ধান্তের একটি অন্যতম কারণ হলো প্রশ্নপত্রের বিষয়ে নিরাপত্তা। পরীক্ষার সময় দীর্ঘায়িত হলে প্রশ্নপত্রের বিষয়ে নিরাপত্তা বিধানও কঠিন হয়ে পড়ে।

ফের পেছাল পরীক্ষা : পূর্বনির্ধারিত সূচি অনুসারে, আজ রোববার এসএসসিতে ইংরেজি (আবশ্যিক) প্রথম পত্র, ১০ ফেব্রুয়ারি মঙ্গলবার ইংরেজি (আবশ্যিক) দ্বিতীয় পত্রের পরীক্ষা ছিল। আর মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে আজ আরবি প্রথম পত্র ও মঙ্গলবার আরবি দ্বিতীয় পত্রের পরীক্ষা হওয়ার কথা ছিল। এ ছাড়া কারিগরি বোর্ডের অধীনে আজ গণিত-২ (১৯২৩) ও গণিত-৩ (৮১২৩) এবং মঙ্গলবার বাংলাদেশ ও বিশ্বপরিচয়-২ (১৯২৪) (সৃজনশীল) ও সামাজিক বিজ্ঞান-২ (৮১২৪) (সৃজনশীল/সাধারণ) বিষয়ের পরীক্ষা নির্ধারিত ছিল। এই সবক'টি পরীক্ষা এখন আগামী ওক্র ও শনিবার যথাক্রমে সকাল ৯টা থেকে দুপুর ১২টা ও ১০টা থেকে ১টা পর্যন্ত চলবে। এ নিয়ে এবারের এসএসসি ও সমমানের চার দিনের ২০টি বিষয়ের পরীক্ষা পিছিয়ে গেল। এর আগে হরতালের কারণে এসএসসি পরীক্ষা শুরুর দিন ২ ফেব্রুয়ারির ও দ্বিতীয় দিনের, অর্থাৎ ৪ ফেব্রুয়ারির পরীক্ষাও পিছিয়ে দেওয়া হয়।

অনুপস্থিত ৫৫১৩, বহিষ্কার ৭১ : পরীক্ষার দ্বিতীয় দিন সারাদেশে অনুপস্থিত ছিল পাঁচ হাজার ৫১৩ জন। অন্যদিকে, পরীক্ষায় নকলের দায়ে ৭১ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রক কক্ষ এ তথ্য জানায়।